

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট(নিপোর্ট)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৩/১ শেখ সাহেব বাজার, আজিমপুর, ঢাকা-১২০৫।
www.niport.gov.bd

স্মারক নং: ৫৯.১২.০০০০.০০১.১১.২২৩.২৫-১৩৮

তারিখ: ২৫ মাঘ ১৪৩২
০৮ ফেব্রুয়ারি ২০২৬

অফিস আদেশ

জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)-এর রাজস্ব খাতভুক্ত 'এডি অপারেটর' পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৫তম গ্রেডে (৯,৭০০-২৩,৪৯০/- টাকা স্কেলে) নিম্নবর্ণিত প্রার্থীগণকে শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

মেধাক্রম	প্রার্থীর নাম, পিতা-মাতার নাম	বর্তমান ঠিকানা	স্থায়ী ঠিকানা	রোল নম্বর	নিজ জেলা
১	২	৩	৪	৫	৬
০১	জনাব মো: জান্নাতুল নাঈম চৌধুরী পিতা: চৌধুরী মানিক মিয়া মাতা: নাসরিন সুলতানা	প্রযত্নে: চৌধুরী মানিক মিয়া গ্রাম: পশ্চিম সফিপুর ডাকঘর: বামনা উপজেলা/থানা: বামনা জেলা: বরগুনা-৮৭৩০	প্রযত্নে: চৌধুরী মানিক মিয়া গ্রাম: পশ্চিম সফিপুর ডাকঘর: বামনা উপজেলা/থানা: বামনা জেলা: বরগুনা-৮৭৩০	১৩০০০৪৫	বরগুনা
০২	জনাব মারুফ হোসেন পিতা: মোজাহার আলী মাতা: আবিদা সুলতানা	প্রযত্নে: মোজাহার আলী গ্রাম: ভগবানপুর ডাকঘর: বেগুনজোয়ার উপজেলা/থানা: বদলগাছী জেলা: নওগাঁ-৬৫০০	প্রযত্নে: মোজাহার আলী গ্রাম: ভগবানপুর ডাকঘর: বেগুনজোয়ার উপজেলা/থানা: বদলগাছী জেলা: নওগাঁ-৬৫০০	১৩০০০৩৭	নওগাঁ


নিয়োগের শর্তাবলিঃ

- ক) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- খ) চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি যে কোনো সময় অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবে;
- গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ থেকে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর/তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবেন;
- ঘ) যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০২ (দুই) সেট (নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সকল কাগজপত্র) ফটোকপি দাখিল করতে হবে;
- ঙ) চাকরিতে তাঁদের জ্যেষ্ঠতা বিধি মোতাবেক নির্ধারিত হবে;
- চ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্যসনদ এবং ডোপটেস্ট রিপোর্ট সংগ্রহপূর্বক যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন/ডোপটেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;
- ছ) তিনি নিজে বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না মর্মে ৩০০/- (কথায়: তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প মুচলেকা যোগদানপত্রের সাথে জমা দিতে হবে (সংযুক্ত নমুনা অনুযায়ী);
- জ) এ নিয়োগপত্রের সাথে পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করে যোগদানের সময় দাখিল করতে হবে (সংযুক্ত নমুনা অনুযায়ী);
- ঝ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের পূর্বকার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে

[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]

বিবেচিত হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীদের স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোনো প্রকার গড়মিল প্রমাণিত হলে কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
ঞ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ বিষয় প্রচলিত আইন ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
ট) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০২। উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ০১ মার্চ, ২০২৬ তারিখে নিম্নস্বাক্ষরকারী বরাবর যোগদানপত্র (সংযুক্ত নমুনা অনুযায়ী) দাখিল করতে হবে।



(ইশরাত জামান)

মহাপরিচালক

ফোন: ০২২২৬৬৮৩৬৩৮

ই-মেইল: dg@niport.gov.bd

স্মারক নং: ৫৯.১২.০০০০.০০১.১১.২২৩.২৫-১৩৮/১(১২)

তারিখ: ২৫ মাঘ ১৪৩২
০৮ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (প্রশাসন, গবেষণা, প্রশিক্ষণ), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।

২। সিভিল সার্জন-----।

৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।

৭। জনাব মো: আতিক উল্লাহ, সহকারী প্রোগ্রামার (টিআরডি), নিপোর্ট, আজিমপুর, ঢাকা (অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৮। জনাব/বেগম -----।

৯। অফিস কপি।



(মোহাম্মদ সাফাত মোস্তফা)

তত্ত্বাবধায়ক (প্রশাসন)

ফোন: ০২২২৬৬৮৩৬২৩

ই-মেইল: shafatmostafa@gmail.com